দৈনিক ইনকিলাব

২/৩/২০০৩

তারিখ ঃ ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৬ ...

# বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডা'র সভায় উচ্চতর শিক্ষা কার্যক্রম বন্ধ থাকায় উদ্বেগ

**প্রেস বিজ্ঞপ্তি ঃ** বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের এক সভা ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লাবে ফেডারেশনের সভাপতি প্রফেসর আরআইএম আমিনুর রশীদের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়।

সভায় দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও উচ্চতর শিক্ষা প্রতিষ্ঠানসমূহে বর্তমানে শিক্ষা কার্যক্রম বন্ধ থাকায় ও এ বিষয়ে সরকারের উদাসীনতায় এ সভা গভীর উদ্বেগ প্রকাশ এবং শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শিক্ষা কার্যক্রম শুরু করার যথাযথ পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি আহবান জানিয়েছে। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ফাইন্যান্স বিভাগ থেকে ছয় বছর পূর্বে চাকরিচ্যুত শিক্ষক ডঃ জহুরুল হককে পুনর্বহালের আকস্মিক নির্দেশে এ সভা বিস্ময় প্রকাশ করে। প্রশ্নপত্র ফাঁসের ন্যায় ন্যক্কারজনক অনৈতিক কার্যক্রমের সাথে সুস্পষ্টরূপে সম্পৃক্ত একজন ব্যক্তিকে বিশ্ববিদ্যালয়ের মত একটি উচ্চতর শিক্ষা প্রতিষ্ঠানে পুনরায় নিয়োগ দিয়ে দুর্নীতির প্রশ্রয় শিক্ষক সমাজ কোনভাবেই মেনে নেবে না এবং শিক্ষা ও নৈতিকতার স্বার্থে এ ধরনের সিদ্ধান্তের বাস্তবায়ন শিক্ষক সমাজ যে কোন মূল্যে প্রতিহত করবে।